সর্বোত্তম সাদকাহ আল্লাহর রাস্তায় তাঁবুর ছায়ার ব্যবস্থা করা, আর আল্লাহর রাস্তায় কোনো খাদেম দান করা। কিংবা আল্লাহর পথে উষ্ট্রী দান করা।

আবূ উমামাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “সর্বোত্তম সাদকাহ আল্লাহর রাস্তায় তাঁবুর ছায়ার ব্যবস্থা
করা, আর আল্লাহর রাস্তায় কোনো খাদেম দান করা। কিংবা আল্লাহর পথে উষ্ট্রী দান করা।” [হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

হাদীসটির অর্থ: সর্বোত্তম সাদকাহ যা মানুষ করে তা হলো এ তিনটি বস্তুর সাদকাহ। আল্লাহর রাহে তাঁবুর ছায়ার ব্যবস্থা করা। আল্লাহর রাস্তায় কোনো খাদেম দান করা। কিংবা আল্লাহর পথে (গর্ভধারণের উপযুক্ত হৃষ্টপুষ্ট) উষ্ট্রী দান করা। এ সাদকাহ আল্লাহর রাস্তার মুজাহিদদের ওপর হোক বা অন্য অভাবীদের ওপর হোক একই কথা। কারণ, সেটাও আল্লাহর রাস্তা। এ সাদকাহ উত্তম হওয়ার কারণ, সম্ভবত তখনকার যুগের মানুষ এর বেশি মুখাপেক্ষী ছিল। তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে এর প্রতি বেশি উৎসাহ দিতে চেয়েছেন। বর্তমানে এর প্রতি মানুষের প্রয়োজন নাও থাকতে পারে বা দুনিয়ার কোনো প্রান্তে থাকতেও পারে খুব কম সংখ্যায়। তবে অধিকাংশের ওপর ভিত্তি করে বিধান রচনা হয়। হাদীসটি আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহার নিম্নোক্ত হাদীসের অনুরূপ। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, হে আয়েশা! “যে ঘরে খেজুর নেই তার বাসিন্দারা ক্ষুধার্ত রয়ে গেলে।” এটি ইমাম মুসলিম বর্ণনা করেছেন। শাইখ ইবন বায রহ. বলেন, “আহলে ইলমের নিকট বিষয়টি তাদের সাথে সংশ্লিষ্ট যাদের খাদ্য খেজুর, যেমন রাসূলের যুগে মদীনাবাসী ও তাদের মতো যারা খেজুর খেয়ে জীবন ধারণ করত।”

https://sunnah.global/hadeeth/bn/show/3568